



## এটি স্বাধীনতার পর অন্যতম গুরুত্বপূর্ণ নির্বাচন: আসিফ নজরুল



সংগৃহীত ছবি

নির্বাচনে কোনো অনিয়ম সহ্য করা হবে না জানিয়ে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, ভোটারদের নিরাপদ ও নির্ভয় পরিবেশ নিশ্চিত করতে সরকার সতর্ক রয়েছে। অবাধ ও সুষ্ঠু ভোটের জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হয়েছে।

শনিবার (২৪ জানুয়ারি) দুপুরে মাদারীপুরের কয়েকটি ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্র পরিদর্শন শেষে সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। জেলা প্রশাসন ও পুলিশ নির্বাচন ঘিরে প্রস্তুত বলেও জানান তিনি।

তিনি বলেন, স্বাধীনতার পর এ নির্বাচন বিশেষ গুরুত্ব বহন করছে। এবারের ভোটে পোস্টাল ব্যালট চালু হয়েছে এবং প্রবাসীরাও প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাচ্ছেন। পাশাপাশি গণভোটও অনুষ্ঠিত হচ্ছে। গণতন্ত্র ও আইনের শাসন শক্ত করতে নাগরিকদের 'হ্যাঁ' ভোট দেওয়ার আহ্বান জানান তিনি।

এ সময় মাদারীপুরের জেলা ও দায়রা জজ আদালতের বিচারক রোকনুজ্জামান, জেলা প্রশাসক মো. জাহাঙ্গীর আলম, পুলিশ সুপার মো. এহতেশামুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক মো. আল নোমান এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওয়াদিয়া শাবাব উপস্থিত ছিলেন।